



Excellence in Sports  
জিরানী, সাভার, ঢাকা।  
প্রশাসন শাখা  
www.bksp.gov.bd

নম্বর: ৩৪.০৪.০০০০.০০০.০০১.১১.০১২৪.২২.৮২৯

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৮ মে ২০২৬

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে (বিকেএসপি) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সম্মানীভিত্তিতে কোচ (তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ কার্যক্রমের অধীনে), প্রভাষক, গবেষণা কর্মকর্তা (এক্সারসাইজ ফিজিওলেজি), সহকারী শিক্ষক, ফিজিওথেরাপিস্ট, ও দৈনিক মজুরী ভিত্তিক মেডিকেল টেকনোলজিস্ট (ডেন্টাল) পদে জনবল নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বয়স	পদের সংখ্যা	সম্মানী	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সম্মানী ভিত্তিক (তৃণমূল) কোচ শ্যাটিং- ০২টি (পিস্তল ও রাইফেল), আর্চারি-০১টি, টেবিল টেনিস-০১টি (মহিলা), ব্যাডমিন্টন-০১টি ও সঁতার- ০১টি  সম্মানী ভিত্তিক কোচ (ভলিবল- ০১টি)	অনূর্ধ্ব-৪০ বছর	০৭ (সাত) টি	আলোচনা সাপেক্ষে	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূন্য স্নাতক ডিগ্রীসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারী:  তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে ডিপ্লোমার প্রয়োজন হবে না, যথা:- (ক) জাতীয় দলের সাবেক বা বর্তমান কোন খেলোয়াড়; (খ) জাতীয় দলের প্রশিক্ষক; (গ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে কোচিং বিষয়ে ডিগ্রীপ্রাপ্ত; (ঘ) কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে কোচ হিসেবে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন; (ঙ) আন্তর্জাতিক প্রতিযোগিতায় পদকপ্রাপ্ত; অথবা (চ) আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত কোন কোচিং কোর্সে সার্টিফিকেট বা লাইসেন্সপ্রাপ্ত।
২.	সম্মানী ভিত্তিক প্রভাষক-০২টি (অর্থনীতি-০১, বাংলা-০১)	অনূর্ধ্ব-৩২ বছর	০২ (দুই) টি	আলোচনা সাপেক্ষে	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীতে স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী:  (খ) তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।
৩.	সম্মানী ভিত্তিক গবেষণা কর্মকর্তা (এক্সারসাইজ ফিজিওলেজি)-০১	অনূর্ধ্ব-৪৫ বছর	০১ (এক) টি	আলোচনা সাপেক্ষে	এম বি বি এস ডিগ্রী/মেডিক্যাল সাইন্স গ্রাজুয়েটসহ এক্সারসাইজ ফিজিওলজীতে ডিপ্লোমা (২য় শ্রেণী)। তবে শর্ত থাকে যে, অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

৪.	সম্মানী ভিত্তিক সহকারী শিক্ষক (আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের জন্য) ইংরেজি-০২, ভূগোল-০২, বাংলা-০৩ ও গণিত-০১	অনূর্ধ্ব-৩২ বছর	০৮ (আট) টি	আলোচনা সাপেক্ষে	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী/সমমান ও বিএড ডিগ্রী/সমমান অথবা খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রী/সমমান সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/সম্মান গ্রহণযোগ্য হবে। (গ) শিক্ষক নিবন্ধনধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে;
৫.	সম্মানী ভিত্তিক ফিজিওথেরাপিস্ট-০১	অনূর্ধ্ব-৩২ বছর (তবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের বয়স ৩৫ বছর)	০১ (এক) টি	আলোচনা সাপেক্ষে	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ফিজিওথেরাপিতে স্নাতক ডিগ্রী অথবা ফিজিওথেরাপিতে ডিপ্লোমা; তবে শর্ত থাকে যে, বাস্তব কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৬.	দৈনিক মজুরী ভিত্তিক মেডিকেল টেকনোলজিস্ট (ডেন্টাল)	অনূর্ধ্ব-৩২ বছর	০১ (এক) টি	আলোচনা সাপেক্ষে	কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী।

#### শর্তাবলী:

- আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ৩ (তিন) কপি ৫x৫ সে.মি সাইজের সত্যায়িত ছবিসহ সকল শিক্ষাগত সনদ, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপিসহ আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা-এর বরাবরে আগামী ২৫/০৬/২০২৬ তারিখের মধ্যে ডাকযোগে অথবা অফিসে রক্ষিত বাক্সে (অফিস চলাকালীন সময়ে) পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৩০/০৪/২০২৬ তারিখে প্রার্থীর বয়স আবেদনে উল্লেখ করতে হবে।
- খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- আবেদনকারীকে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, উত্তরা ব্যাংক লিঃ -এর যে কোন শাখা হতে মহাপরিচালক, বিকেএসপি -এর অনুকূলে দরখাস্তের সাথে জমা দিতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় আহ্বান করা হবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূল কপি দেখাতে হবে।
- আবেদন ফরম বিকেএসপির ওয়েব সাইটে ([www.bksp.gov.bd](http://www.bksp.gov.bd)) এ পাওয়া যাবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।



১৮-০৫-২০২৬  
মোহাম্মদ সাইফ উল্লাহ  
মহাপরিচালক

নম্বর: ৩৪.০৪.০০০০.০০০.০০১.১১.০১২৪.২২.৮২৯/১ (৩)

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৮ মে ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) প্রেরণ করা হলো:

- পরিচালক, প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান।

- ২। পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান।  
৩। অধ্যক্ষ, কলেজ শাখা, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান।



A handwritten signature in black ink, located to the right of the QR code.

১৮-০৫-২০২৬  
মোহাম্মদ সাইফ উল্লাহ  
মহাপরিচালক